

বিশ্বাস

কেন বঞ্চিত হব চরণে?
আমি, কত আশা ক'রে বসে আছি,
পাব জীবনে, না হয় মরণে!
আহা, তাই যদি নাহি হবে গো,-
পাতকি-তারণ-তরীতে, তাপিত
আতুরে তুলে' না লবে গো;
হয়ে, পথের ধূলায় অন্ধ,
এসে, দেখিব কি খেয়া বন্ধ?
তবে, পারে ব'সে, পার কর ব'লে, পাপী
কেন ডাকে দীন-শরণে?
আমি শুনেছি, হে তৃষা-হারি!
তুমি, এনে দাও তারে প্রেম-অমৃত,
তৃষিত যে চাহে বারি;
তুমি, আপনা হইতে হও আপনার,
যার কেহ নাই, তুমি আছ তার;
এ কি, সব মিছে কথা? ভাবিতে যে ব্যথা
বড় বাজে, প্রভু, মরমে!